দৈনিক ইত্তেফাক

তারিখ 17 JUN 2008
পৃষ্ঠা ৩ কলাম ৪

# মাউশি'র প্রতি শিক্ষক হয়রানি বন্ধের আহবান

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

শিক্ষক-কর্মচারী ঐক্যজোট অবিলম্বে মহার্ঘ ভাতা প্রদান, শিক্ষক ও শিক্ষার স্বার্থবিরোধী প্রজ্ঞাপন বাতিল এবং শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা অধিদপ্তর (মা উশি) কর্তৃক শিক্ষক হয়রানি বন্ধের দাবি জানিয়েছে। প্রধান উপদেষ্টা বরাবর লিখিত এ দাবি সংবলিত একটি স্মারকলিপি সোমবার দেশের প্রায় সব উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছে প্রদান করেছে ঐক্যজোটের স্থানীয় নেতৃবৃন্দ। এদিকে শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ মোঃ সেলিম ভুঁইয়া, শিক্ষক সমিতির সভাপতি কাজী আব্দুর রাজ্জাক, কলেজ শিক্ষক সমিতির মহাসচিব চৌধুরী মুগীসউদ্দিন মাহমুদ ও মাদ্রাসা শিক্ষক সমিতির চেয়ারম্যান মাওলানা এম এ লতিফ ২২ জুন জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান ও ২৯ জুন জেলা সদরে মানববন্ধন কর্মসূচি পালনে জন্য শিক্ষক-কর্মচারীদের প্রতি আহবান জানান।